দৈনিক
ইনকিলাব

তারিখ 02 SEP 2008
পৃষ্ঠা 2 কলাম 1

# জবি সিন্ডিকেটে ৮ বিভাগে শিক্ষক নিয়োগ অনুমোদন

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার : জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ১৮তম সিন্ডিকেট বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠকে ৮টি বিভাগের শিক্ষক নিয়োগ অনুমোদন করা হয়। জানা গেছে, বিভাগগুলো হল কলা অনুষদভুক্ত ইতিহাস বিজনেস স্টাডিজ অনুষদের একাউন্টিং ও ব্যবস্থাপনা এবং ফিনান্স। সমাজবিজ্ঞান অনুষদভুক্ত রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান ও সমাজকর্ম।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি ড. আবু হোসেন সিদ্দিকের সভাপতিত্বে এই প্রথম সিন্ডিকেট বৈঠক গতকাল অনুষ্ঠিত হয়। বৈঠকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিদেশে যাওয়ার জন্য শিক্ষাছুটি ও বিশ্ববিদ্যালয় সম্প্রসারণের লক্ষ্যে নদীর ওপারে ২০ একর জমি অধিগ্রহণ করারও নীতিগত সিদ্ধান্ত নেয়া হয়েছে।

জানা যায়, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রকল্প থাকাকালীন জমি অধিগ্রহণের কোন সিদ্ধান্ত নেয়নি তৎকালীন কর্তৃপক্ষ। এমনকি বিশ্ববিদ্যালয়ের প্রথম ভিসি ড. সিরাজুল ইসলাম খান জমি অধিগ্রহণের প্রয়োজনীয়তা অনুভব করে প্রায় দুই একর জমি অধিগ্রহণের প্রস্তাব পাঠায় শিক্ষা মন্ত্রণালয়ে। কিন্তু শিক্ষা মন্ত্রণালয় কৃষি জমির অজুহাত দেখিয়ে তা নাকচ করে দেয়। এরপরই আর তিনি বেশীদিন থাকতে পারেননি এখানে। বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভারপ্রাপ্ত ভিসির গতকালের এই সিদ্ধান্ত আশার আলো দেখাবে কিনা তা নিয়ে ভাবছে এখানের শিক্ষার্থীরা। এদিকে শিক্ষক নিয়োগ নিয়ে বর্তমানে আলোচনার শীর্ষে রয়েছে জগন্নাথ বিশ্ববিদ্যালয়। নিয়োগের অনিয়ম আর দুর্নীতি, স্বজনপ্রীতি বারবার উঠে আসছে। গত শুক্রবার বাংলায় ১ জন, ইংরেজীতে ১ জন, এমনকি সেমিনার সহকারী পরীক্ষায় তুঘলকাণ্ড হয়েছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে, যা জাতীয় দৈনিকে প্রকাশ হয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে বিশ্ববিদ্যালয় ভারপ্রাপ্ত ভিসি ড. সিরাজুল ইসলাম খান ইনকিলাবকে জানান, বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুযায়ী নিয়োগ পরীক্ষার প্রয়োজন নেই, তবুও আমরা প্রার্থী অধিক হওয়ায় পরীক্ষা নিয়েছি।